

💵 হজ সফরে সহজ গাইড

বিভাগ/অধ্যায়ঃ প্রারম্ভিকা ও প্রস্তুতি রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ মোশফিকুর রহমান

হজের প্রকারভেদ

ইফরাদ হজ কিরান হজ তামাতু হজ হজ উমরাহ X উমরাহ উমরাহ হাদী (পশু জবেহ) - ওয়াজিব নয় হাদী (পশু জবেহ) - ওয়াজিব হাদী (পশু জবেহ) - ওয়াজিব

- বইয়ে তামাত্তু হজ নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে এবং শেষে কিরান ও ইফরাদ নিয়ে আলোচনা করবো।
- বদলি হজ: কোনো ব্যক্তি যদি ফরয হজ আদায় করতে অক্ষম হয় তবে কোনো ব্যক্তিকে তার পক্ষ হতে হজ (বদলি হজ) পালন করার জন্য মনোনিত করতে পারেন। এক্ষেত্রে মনোনিত ব্যক্তি ইতোপূর্বে নিজের হজ পালন করেছেন এমন হতে হবে।[1]
- আবু রাযিন আল আকিলি থেকে বর্ণিত, তিনি এসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে প্রশ্ন করে বললেন, আমার পিতা খুব বৃদ্ধ, তিনি হজ ও উমরাহ পালন করতে পারেন না। সাওয়ারির উপর উঠে চলতেও পারেন না। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমার পিতার পক্ষ থেকে হজ ও উমরাহ করো।[2]
- তিন প্রকার হজের মধ্যে বদলি হজ কোন প্রকার হবে তা, যে ব্যক্তির পক্ষ থেকে হজ করা হচ্ছে তিনি নির্ধারণ করে দেবেন। বদলি হজ -ইফরাদ হজ হতে হবে, এমন কোনো কথা নেই; বরং উল্লিখিত হাদীসে হজ ও উমরাহ উভয়ের কথাই আছে।

ফুটনোট

- [1] আবু দাউদ, হাদীস নং ১৮১১; মিশকাত, হাদীস নং ২৫২৯
- [2] তিরমিয়ী, হাদীস নং ৮৫২

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6492

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন